



পুলিশকে একা চলাচল না করার নির্দেশনা ফাঁস, তদন্ত কমিটি গঠন



ছবি: সংগৃহীত

খুলনায় পুলিশ পরিদর্শক মো. শাহ আলমের ওপর ছিনতাইকারীদের হামলার পর পুলিশ সদস্যদের একা চলাচল না করার বিষয়ে দেওয়া অভ্যন্তরীণ নির্দেশনা ফাঁসের ঘটনায় তিন সদস্যের তদন্ত কমিটি গঠন করা হয়েছে।

রোববার (১১ অক্টোবর) রাতে এক প্রেস বিজ্ঞপ্তিতে খুলনা জেলা পুলিশ এ তথ্য জানায়। বিজ্ঞপ্তিতে বলা হয়, নির্দেশনাটি শুধু জেলার পুলিশ সদস্যদের ব্যক্তিগত নিরাপত্তা ও সচেতনতা বাড়াতে দেওয়া হয়েছিল। এটি জনমনে বিভ্রান্তি তৈরির উদ্দেশ্যে নয়।

নির্দেশনা ফাঁস ও প্রচারের ঘটনায় দায়িত্বহীনতা বা বিধিবিহীন কর্মকাণ্ডের প্রমাণ পাওয়া গেলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিভাগীয় ও আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে বলে জানানো হয়েছে। সম্প্রতি দায়িত্ব শেষে গভীর রাতে সাদা পোশাকে রিকশায় খুলনা মহানগরীর পুলিশ ক্লাবে যাওয়ার পথে কলেজিয়েট স্কুলের কাছে ছিনতাইকারীদের হামলার শিকার হন পরিদর্শক শাহ আলম। হামলাকারীরা তাঁর মানিব্যাগ ও দুটি মোবাইল ফোন ছিনিয়ে নেয়। বাধা দিলে চাপাতি দিয়ে তাঁকে কোপানো হয়। আত্মরক্ষায় হাত দিয়ে আঘাত ঠেকাতে গিয়ে তাঁর দুই হাত গুরুতর জখম হয়।

বর্তমানে তাঁর শারীরিক অবস্থার উন্নতি হলেও দুই হাতের কয়েকটি আঙুলের কর্মক্ষমতা স্থায়ীভাবে ক্ষতিগ্রস্ত হওয়ার আশঙ্কা রয়েছে।

এ ঘটনার পর পুলিশ সদস্যদের ব্যক্তিগত নিরাপত্তা নিশ্চিত করতে খুলনা জেলা পুলিশের পক্ষ থেকে অভ্যন্তরীণ নির্দেশনা জারি করা হয়। বিশেষ করে দায়িত্ব শেষে গভীর রাতে সাদা পোশাকে চলাচলের সময় সতর্ক থাকার কথা বলা হয়েছিল।